

## সাজদায়ে সাহ্ দিতে ভুলে গেলে করণীয়

### প্রশ্ন:

সাহ্ সেজদা ওয়াজিব হয়েছে, কিন্তু ভুলবশত দেয়া হয়নি। নামাযের ওয়াক্ত থাকতে মনে পড়লে করণীয় কী? আর ওয়াক্ত শেষ হয়ে গেলে করণীয় কী?

-হাসান মাহমুদ

### উত্তর:

সাহ্ সিজদা ওয়াজিব হওয়ার পর যদি ভুলবশত তা আদায় করা না হয় তাহলে উক্ত সালাত পুনরায় আদায় করা ওয়াজিব। চাই তা ওয়াক্ত বাকি থাকা অবস্থায় স্মরণ হোক অথবা শেষ হওয়ার পর। -রদ্দুল মুহতার: ১/৪৫৭ ও ২/৬৩ (দারুল ফিকর); আল-বাহরুর রায়েক: ১/৩১২ (দারুল কিতাবিল ইসলামি); হালবাতুল মুজাল্লী ২/৪৫৮ (দারুল কুতুবিল ইলমিয়্যা); মাওসুআহ ফিকহিয়্যাহ: ২৪/২৩৮ (ওয়ারা তুল আওকাফ, কুয়েত); ইমদাদুল ফাতাওয়া: ২/৪৬০ (যাকারিয়া বুক ডিপো); কিফায়াতুল

মুফতী: ৩/৪২০ (যাকারিয়া বুক ডিপো); ফাতাওয়া

উসমানী: ১/৪৯৪ (যাকারিয়া বুক ডিপো)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২১-১১-১৪৪৬ হি.

২০-০৫-২০২৫ ঈ.

